# বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
## বান্দরবান।

**পার্বত্য চট্টগ্রাম চুক্তি'র ২১তম বর্ষপূর্তি উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতি সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ ক্য শৈ হ্লা
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
তারিখ ঃ ২৮/১১/২০১৮ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ টা।
স্থান ঃ সভাকক্ষ, অত্র পরিষদ।

সভায় উপস্থিতির বিবরণ পরিশিষ্ট - " ক " এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। শুরুতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে ৮/১১/২০১৮ তারিখে অনুষ্ঠিত পার্বত্য চট্টগ্রাম চুক্তি'র ২১তম বর্ষপূর্তি উদ্‌যাপন এর প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২৭/১১/২০১৮ খ্রিঃ তারিখের ৪৩.০০.০০০০.১১৬.৪১.০০৩.১৫.৩০৪ নং স্মারকের পত্র পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনান্তে সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচী প্রণয়ণ করা হয় ঃ

| ক্রঃ নং | তারিখ, সময়, কর্মসূচী ও স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ২/১২/২০১৮ খ্রিঃ<br>সময় ঃ সকাল ৯:০০ টা<br><br>*** র‍্যালি।**<br><br>**স্থানঃ** জেলা প্রশাসকের প্রাঙ্গন হতে শহর এলাকা প্রদক্ষিণ করে রাজার মাঠে শেষ হবে। | র‍্যালীতে সেনবাহিনীর ব্যান্ড দল, পুলিশ ব্যান্ড দল এবং রোভার স্কাউট দল অংশগ্রহণ করবে। | বান্দরবান জোন,<br>পুলিশ সুপার, বান্দরবান<br>এবং জেলা কমিশনার, বাংলাদেশ স্কাউটস, বান্দরবান। |
| | | র‍্যালিতে ১১ টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠির পোষাক পরিচ্ছদে সজ্জিত একাধিক জুটি অংশ গ্রহণের ব্যবস্থা করতে হবে। | পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সাংস্কৃতিক ইনষ্টিটিউট, বান্দরবান। |
| | | র‍্যালীতে জেলার সকল বিভাগীয় প্রধানগণ কে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/ কর্মচারীসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br>র‍্যালীতে অংশগ্রহণকারীদের সংখ্যা নির্ধারণঃ<br>(১) স্বাস্থ্য বিভাগ - ৫০ জন।<br>(২) পরিবার পরিকল্পনা বিভাগ- ৩০ জন।<br>(৩) যুব উন্নয়ন - ৩০ জন।<br>(৪) সমাজ সেবা বিভাগ- ২০ জন।<br>(৫) কৃষি সম্প্রসারণ বিভাগ- ২০ জন।<br>(৬) প্রাথমিক শিক্ষা বিভাগ- ২০ জন শিক্ষক।<br>(৭) বান্দরবান সঃ উঃ বিদ্যালয়- ২০ জন।<br>(৮) বান্দরবান সঃ বালিকা উচ্চ বিঃ- ২০ জন।<br>(৯) অন্যান্য হাই স্কুল-১০ জন করে।<br>(১০) অন্যান্য বিভাগ- ১০ জন করে। | সকল বিভাগীয় প্রধান, বান্দরবান<br>ও<br>স্কুল কর্তৃপক্ষ। |
| | | NGO প্রধানগণ স্ব-স্ব সংস্থার ২০ জন স্টাফসহ র‍্যালীতে অংশগ্রহণ নিশ্চিত করবেন। | NGO প্রধানগণ, বান্দরবান। |
| | | র‍্যালীর জন্য প্রয়োজনীয় ব্যানার, ক্যাপ ও ফেস্টুন সরবরাহ।<br>* মূল কর্মসূচীর ০৪ টি ব্যানার সেনাবাহিনী কর্তৃক সরবরাহ করা হবে। | জনসংযোগ কর্মকর্তা, অত্র পরিষদ এবং জনাব আমিনুল ইসলাম বাচ্চু, সভাপতি, প্রেসক্লাব, বান্দরবান। |
| ০২ | ২/১২/২০১৮ খ্রিঃ<br>সময়ঃ সকাল ১০:০০ টা।<br>*** আলোচনা সভা।**<br>স্থান ঃ রাজার মাঠ। | পার্বত্য চট্টগ্রাম চুক্তি'র ২১তম বর্ষপূর্তি উপলক্ষে আলোচনা সভা আয়োজন করা হবে। বিটিভির প্রতিনিধি জনাব মনিরুল ইসলাম মনু কে উক্ত সভায় দিবস উপলক্ষে একটি বিশেষ প্রবন্ধ | *** জনাব মনিরুল ইসলাম মনু,**<br>প্রতিনিধি, বিটিভি, বান্দরবান।<br>**সমন্বয়ে ঃ**<br>১। ৬৯, পদাতিক ব্রিগেড, বান্দরবান। |

| ক্রঃ নং | তারিখ, সময়, কর্মসূচী ও স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৩ | ২/১২/২০১৮ খ্রিঃ<br>সময় ঃ বেলা ৩:০০ টা<br>*** প্রীতি ফুটবল ম্যাচ।**<br>***স্থান ঃ বান্দরবান স্টেডিয়াম।** | বান্দরবান জোন এবং বান্দরবান পৌরসভার উদ্যোগে প্রীতি ফুটবল ম্যাচ আয়োজন করা হবে। | বান্দরবান জোন এবং<br>বান্দরবান পৌরসভা। |
| ০৪ | ২/১২/২০১৮ খ্রিঃ<br>সময় ঃ সন্ধ্যা ৬:০০ টা<br>*** সাংস্কৃতিক অনুষ্ঠান।**<br>স্থানঃ রাজার মাঠ, বান্দরবান। | পার্বত্য চট্টগ্রাম চুক্তি'র ২১তম বর্ষপূর্তি উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠির শিল্পী এবং জনপ্রিয় শিল্পীদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানটি আয়োজন করা হবে। | ১। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সাংস্কৃতিক ইনষ্টিটিউট, বান্দরবান।<br>২। সেক্রেটারী, জেলা শিল্পকলা একাডেমী, বান্দরবান।<br>৩। প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। |
| ০৫ | ২/১২/২০১৮ খ্রিঃ<br>সকাল ঃ সকাল ১০:০০ টা<br>১। শিক্ষা সামগ্রী বিতরণ।<br>২। শীতবস্ত্র বিতরণ।<br>স্থানঃ রাজার মাঠ। | সেনাবাহিনী কর্তৃক শিক্ষার্থীদের শিক্ষা সামগ্রী ও শীতবস্ত্র এবং সমাজ সেবা বিভাগ, বান্দরবান কর্তৃক শীতবস্ত্র বিতরণ করা হবে। | ১। বান্দরবান জোন।<br>২। উপ-পরিচালক, জেলা সমাজ সেবা। |
| ০৬ | ২/১২/২০১৮ খ্রিঃ ও ৩/১১/২০১৮ খ্রিঃ<br>* বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।<br>সকাল ঃ সকাল ১০:০০ টা<br>স্থানঃ রাজার মাঠ। | সিভিল সার্জন, বান্দরবান এর সহযোগিতায়<br>৭ ফিল্ড এ্যাম্বুলেন্স কর্তৃক বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ বিতরণ করা হবে। | ৭ ফিল্ড এ্যাম্বুলেন্স, বান্দরবান<br>ও<br>সিভিল সার্জন, বান্দরবান। |

**অন্যান্য সিদ্ধান্ত ঃ**

১। আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের স্বার্থে রাজার মাঠে প্যান্ডেল ও মঞ্চ, সাউন্ড সিষ্টেম, লাইটিং ও আসন ইত্যাদির ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কে দায়িত্ব প্রদান করা হয়।

২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে সেনাবাহিনী কর্তৃক জেনারেটরের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। র‌্যালীতে অংশগ্রহণকারীদের আপ্যায়ন সেনাবাহিনী কর্তৃক সরবরাহ করা হবে।

৪। পরিষদ কর্তৃক দাওয়াত কার্ড ছাপা ও বিলি করা হবে।

৫। বাজার এলাকার রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য মেয়র,বান্দরবান পৌরসভা কে অনুরোধ করা হয়।

৬। শান্তি-শৃঙ্খলা ও ট্রাফিকিং ব্যবস্থা নিশ্চিত করার জন্য পুলিশ সুপার, বান্দরবান কে অনুরোধ করা হয়।

**সার্বিক সমন্বয় ঃ**

পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং সম্মানিত সদস্য জনাব লক্ষীপদ দাস পার্বত্য চট্টগ্রাম চুক্তি'র ২১তম বর্ষপূর্তি উদ্‌যাপনের সার্বিক সমন্বয় সাধন করবেন।

## ব্যয় বাজেট ঃ

গৃহিত সকল কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে দায়িত্বপ্রাপ্ত/ বাস্তবায়নকারী স্ব-স্ব কর্মসূচীর বাজেট চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর নিকট পেশ করবেন। বাজেট অনুমোদন স্বাপেক্ষে প্রয়োজনীয় অর্থ রাজস্ব তহবিল/ এডিপি হতে ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সার্বিক সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

( ক্য শৈ হ্লা )
চেয়ারম্যান

স্মারক নং-২৯.৩৫.২০০৩.০০৩.৩০.১০৫.১৮- ১৬০৯ তারিখ ঃ ২৮/১১/২০১৮ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। রিজিয়ন কমান্ডার, ৬৯ পদাতিক ব্রিগেড, বান্দরবান।

৩। জেলা প্রশাসক, বান্দরবান।

৪। পুলিশ সুপার, বান্দরবান।

৫। জনাব ........................................................................................ সম্মানিত সদস্য, অত্র পরিষদ।

৬। ........................................................................................( সকল বিভাগীয় প্রধান), বান্দরবান।

৭। ........................................................................................ বান্দরবান।

৮। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

৯। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

২৮/১১/১৮

নির্বাহী কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।